অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

রাজ্য জুড়ে সাইবার নিরাপত্তা তত্ত্বাবধানের জন্য গভর্নর হোকল সিকিউরিটি অপারেশনস সেন্টার গঠনের ঘোষণা করেছেন

নিউ ইয়র্ক JSOC নিউ ইয়র্ক স্টেট, নিউ ইয়র্ক সিটি, পাঁচটি প্রধান আপস্টেট শহর, স্থানীয় ও আঞ্চলিক সরকার, গুরুত্বপূর্ণ পরিকাঠামো এবং ফেডারেল অংশীদারদের মধ্যে ডেটা শেয়ারিং এবং সাইবার সমন্বয়ের জন্য একটি এই ধরনের সর্ব প্রথম হাব হিসেবে কাজ করবে

ঘোষণা অর্থ বর্ষ 23 বাজেটের অংশ হিসাবে রাজ্যের সাইবার নিরাপত্তা পরিকাঠামোতে গভর্নর হোকলের অভূতপূর্ব 61.9 মিলিয়ন ডলারের বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে

গভর্নর রাজ্যব্যাপী সাইবার প্রতিরক্ষা শক্তিশালী করতে স্থানীয় এলাকাগুলির জন্য ঐতিহাসিক নতুন 30 মিলিয়ন ডলারের প্রোগ্রামের প্রস্তাব করেছেন

গভর্নর ক্যাথি হোকল আজ ব্রুকলিনে একটি জয়েন্ট সিকিউরিটি অপারেশনস সেন্টার তৈরির ঘোষণা করেছেন যা ডেটা সংগ্রহ, প্রতিক্রিয়ার প্রচেষ্টা এবং তথ্য ভাগাভাগি করা সহ যৌথ স্থানীয়, রাজ্য এবং ফেডারেল সাইবার প্রচেষ্টার জন্য একটি কেন্দ্র হিসাবে কাজ করবে। নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস, আলবেনির মেয়র ক্যাথি শিহান, সাইরাকিউজ মেয়র বেন ওয়ালশ, বাফেলোর মেয়র বাইরন ব্রাউন, রচেস্টারের মেয়র মালিক ইভান্স, ইয়ঙ্কার্সের মেয়র মাইক স্প্যানো এবং রাজ্য জুড়ে সাইবার নেতাদের সাথে একটি অংশীদারিত্ব চালু করা হয়েছে, জয়েন্ট সিকিউরিটি অপরেশন্স সেন্টার (Joint Security Operations Center, JSOC) হল দেশের সর্ব প্রথম এই ধরনের সাইবার কমান্ড সেন্টার যা সাইবার-বিপদ সংক্রান্ত পরিস্থিতির একটি রাজ্যব্যাপী দৃশ্য প্রদান করবে এবং বিপদ সংক্রান্ত ইন্টেলিজেন্স এবং ঘটনার প্রতি প্রতিক্রিয়ার সমন্বয় উন্নত করবে।

"একটি নতুন ধরণের উদীয়মান ঝুঁকি আমাদের দৈনন্দিন জীবনকে বিপন্ন করছে, এবং আমরা ঠিক যেমন 9/11-এর পরে আমাদের শারীরিক নিরাপত্তার পরিকাঠামোকে উন্নত করেছি, সেইভাবে আমাদের এখন সেই একই কঠোরতা এবং গুরুত্ব সহকারে সাইবার নিরাপত্তার ক্ষেত্রে অগ্রসর হওয়ার পদ্ধতি অবশ্যই রূপান্তর করতে হবে," **গভর্নর হোচুল হোকল বলেন।** "নিউ ইয়র্ক সিটি, আমাদের আপস্টেট শহরগুলি এবং রাজ্য জুড়ে সরকারের ও ব্যবসায়ী নেতাদের সহযোগিতায় জয়েন্ট সিকিউরিটি অপারেশন সেন্টার প্রতিষ্ঠার জন্য এই গতিশীল এবং উদ্ভাবনী

অংশীদারিত্ব ঘোষণা করতে পেরে আমি গর্বিত। সাইবার নিরাপত্তা আমার প্রশাসনের জন্য প্রথম দিন থেকে অগ্রাধিকার পেয়েছে এবং এই কমান্ড সেন্টার নিউ ইয়র্কের প্রতিষ্ঠান, পরিকাঠামো, আমাদের নাগরিক এবং জনসাধারণের নিরাপত্তা রক্ষা করার ক্ষমতাকে শক্তিশালী করবে।"

এই উদ্ভাবনী সহযোগিতা তৈরি করতে কয়েক মাস লেগেছে এবং এটি রাজ্যের সাইবার নিরাপত্তার প্রতি রাজ্যের দৃষ্টিভঙ্গি সমৃদ্ধ করার জন্য গভর্নর হোকল এবং তার দলের প্রাথমিক ভবিষ্যতের দৃষ্টি এবং প্রতিশ্রুতির ফলাফল। অন্য কোন রাজ্য অন্যান্য আর সকলের সাথে ফেডারেল, রাজ্য, শহর, এবং কাউন্টি সরকার, গুরুত্বপূর্ণ ব্যবসা এবং ইউটিলিটি, এবং হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services), অফিস অফ ইনফরমেশন টেকনোলজি সার্ভিসেস (Office of Information Technology Services), নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police), মেট্রোপোলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropilitan Transportation Authority, MTA), পোর্ট অথোরিটি অফ নিউ ইয়র্ক অ্যান্ড নিউ জার্সি (Port Authority of New York and New Jersey), নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority) মতো রাজ্যের সংস্থাগুলি সহ এই স্কেলে একটি ভাগ করা কমান্ড স্পেসে সাইবার সিকিউরিটি দলকে একত্রিত করেনি।

অর্থ, শক্তি, পরিবহন, স্বাস্থ্যসেবা, এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ক্ষেত্রে নিউ ইয়র্কের নেতৃত্ব রাজ্যকে সাইবার আক্রমণের জন্য একটি আকর্ষণীয় লক্ষ্য করে তোলে যা নাগরিকদের জন্য গুরুত্বপূর্ণ পরিকাঠামো এবং পরিষেবাগুলি সহ অপারেশনগুলি ব্যাহত করতে পারে। যখন রাজ্য জুড়ে সরকারী সংস্থাগুলি ঐতিহাসিকভাবে সাইবার প্রতিরক্ষা এবং তাদের প্রযুক্তিগত সম্পদের সুরক্ষার জন্য একটি স্বাধীন পদ্ধতি গ্রহণ করেছে, তখন একা কাজ করা আর সর্বোত্তম উপায় নয়। সাইবার আক্রমণের ফ্রিকোয়েন্সি এবং পরিশীলিততা যেমন বেড়েছে, তেমনি "সম্পূর্ণ সরকারের" পদ্ধতিরও প্রয়োজন বেড়েছে।

JSOC-টি, ব্রুকলিনে যার সদর দফতর এবং রাজ্য জুড়ে শারীরিক এবং ভার্চুয়াল উভয় অংশগ্রহণকারীরা যার পরিচালনা করেন, সেটি সাইবার দলগুলিকে বিপদের ডেটার এক কেন্দ্রীভূত দৃষ্টিভঙ্গি পেতে দিয়ে প্রতিরক্ষা উন্নত করবে। এটি বিপদের ইন্টেলিজেন্স, প্রতিক্রিয়ার সময় হ্রাস এবং একটি বড় সাইবার বিপদের ঘটনার ক্ষেত্রে দ্রুত প্রতিকারের বিষয়ে আরো ভালো সহযোগিতা প্রদান করবে। এটি অংশগ্রহণকারী সংস্থাগুলিকে সম্ভাব্য সমস্যাগুলির প্রতি প্রতিক্রিয়া জানাতে এবং পদ্ধতিগত প্রবণতাগুলিকে উন্নত করতে সাহায্য করবে যা অন্যথায় হয়তো সনাক্ত করা যেত না। এই পদ্ধতিটি রাজ্য, শহর, স্থানীয় এবং কর্তৃপক্ষ-স্তরের সমস্ত সাইবার প্রতিরক্ষা সম্পদকে একত্রিতভাবে ব্যবহার করতে দেয়।

নিউ ইয়র্ক স্টেট আগামী মাসগুলিতে JSOC চালু হওয়ার সাথে সাথে সাইবার প্রশিক্ষণ এবং অনুশীলনের ক্ষেত্রে শহর এবং আঞ্চলিক নেতাদের সাথে সহযোগিতা করবে। গভর্নর এবং তার দল সমন্বয় নিশ্চিত করতে হোয়াইট হাউস এবং ফেডারেল অংশীদারদের সাথে চলমান কথোপকথন চালিয়ে যাবে।

এটি নিউ ইয়র্ক স্টেটের সাইবার সুরক্ষায় বিনিয়োগের জন্য এই বছরের বাজেটে গভর্নর হোকলের ঐতিহাসিক প্রস্তাবের উপর ভিত্তি করে গড়ে তুলেছে, যার মধ্যে আছে সাইবার

নিরাপত্তার জন্য 61.9 মিলিয়ন ডলার, যা আগের বিনিয়োগকে দ্বিগুণ করে। এই বিনিয়োগগুলি রাজ্যের সাইবার রেড টিম প্রোগ্রামের সম্প্রসারণ সহ গুরুত্বপূর্ণ সুরক্ষার অর্থায়ন করবে অতিরিক্ত পেনিট্রেশন পরীক্ষা, একটি প্রসারিত ফিশিং অনুশীলন প্রোগ্রাম, দুর্বলতা স্ক্যানিং এবং অতিরিক্ত সাইবার ঘটনার প্রতিক্রিয়া পরিষেবা প্রদান করার জন্য। এই বিনিয়োগগুলি নিশ্চিত করতে সাহায্য করে যে যদি নেটওয়ার্কের একটি অংশ আক্রান্ত হয়, তাহলে রাজ্য সিস্টেমের অবশিষ্ট অংশ বিচ্ছিন্ন করতে এবং রক্ষা করতে পারে।

এই প্রস্তাবের অংশ হিসাবে, গভর্নর স্থানীয় সরকার এবং অন্যান্য আঞ্চলিক অংশীদারদের তাদের সাইবার প্রতিরক্ষা জোরদার করার জন্য উচ্চমানের সাইবার নিরাপত্তা পরিষেবা অর্জন এবং স্থাপন করতে সহায়তা করার জন্য 30 মিলিয়ন ডলারের "শেয়ারড সার্ভিস" প্রোগ্রামেরও প্রস্তাব করছেন৷ রাজ্যের নেটওয়ার্ক এবং IT প্রোগ্রামগুলির আন্তঃসংযুক্ত প্রকৃতির অর্থ হল আক্রমণগুলি দ্রুত রাজ্য জুড়ে ছড়িয়ে পড়তে পারে। অনেক সরকারী সংস্থার প্রায়শই তাদের সিস্টেমগুলিকে রক্ষা করার জন্য প্রয়োজনীয় তহবিল বা সংস্থান থাকে না, তাদের মধ্যে নাম করার মত কিছু হল স্বাস্থ্যসেবা, আইন বলবতকরণ, জরুরী ব্যবস্থাপনা, পানির শোধন এবং বেকারত্ব বীমার মতো গুরুত্বপূর্ণ পরিষেবা প্রদান করে।

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেছেন, "নিউ ইয়র্ক সিটি তাদের জন্য একটি প্রধান টার্গেট যারা আমাদের সাইবার পরিকাঠামো ধ্বংস করতে চায়। যদিও নিউ ইয়র্ক সিটি সাইবার কমান্ড ইতিমধ্যেই এই বিপদগুলিকে বাধা দেওয়ার জন্য একটি জাতীয় মডেল, তাও এখন সময় হয়েছে আমাদের সাইবার নিরাপত্তাকে পরবর্তী স্তরে নিয়ে যাওয়ার। আমরা জানি যে সাইবার আক্রমণের ক্ষেত্রে, একটি ছোটখাটো ব্যাঘাত এবং বিপর্যয়ের মধ্যে পার্থক্য কয়েক মিনিটের ব্যাপার হতে পারে। এই কারণেই নতুন জয়েন্ট সিকিউরিটি অপারেশন সেন্টার রাজ্য জুড়ে আমাদের সাইবার প্রতিরক্ষা কঠোর করার জন্য একটি সমন্বিত এবং সামগ্রিক পদ্ধতি অবলম্বন করবে। আমি গভর্নর হোকল এবং আমাদের সহযোগী মেয়রদের তাদের অংশীদারিত্বের জন্য ধন্যবাদ জানাই এবং এই সর্ব সাধারণের বিপদের মোকাবিলায় তাদের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

সাইবারসিকিউরিটি অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার সিকিউরিটি এজেন্সির (Cybersecurity and Infrastructure Security Agency) ডিরেক্টর জেন ইস্টারলি বলেন, "আজকের বিশ্বব্যাপী আন্তঃসংযুক্ত বিশ্বে, সাইবার আক্রমণের হুমকির বিরুদ্ধে আমেরিকানদের রক্ষা করতে প্রত্যেকেই ভূমিকা পালন করে। সাইবারসিকিউরিটি অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার সিকিউরিটি এজেন্সি (Cybersecurity and Infrastructure Security Agency, CISA) NY JSOC তৈরির প্রশংসা করে এবং বরাবরের মতো, নিউ ইয়র্কের গুরুত্বপূর্ণ পরিকাঠামোকে নিরাপদ ও সুরক্ষিত রাখতে আমাদের রাজ্য এবং স্থানীয় পরিপূরক সংস্থাগুলির সাথে অংশীদারিত্ব করতে প্রস্তুত। সক্রিয় সাইবার নিরাপত্তা ঘটনার প্রতিক্রিয়া এবং পুনরুদ্ধারের পরিকল্পনা ঝুঁকি কমাতে সাহায্য করবে এবং একটি ঘটনা ঘটলে একটি ঐক্যবদ্ধ প্রতিক্রিয়া নিশ্চিত করবে। সহযোগিতা হল CISA-এর মিশনের কেন্দ্রবিন্দুতে, এবং আমরা এই প্রচেষ্টাকে সমর্থন করার অপেক্ষায় রয়েছি যখন এটি কার্যকর করা হবে।"

হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসের বিভাগের কমিশনার জ্যাকি ব্রে বলেন, "গভর্নর হোকলের নেতৃত্ব এবং দুরদৃষ্টিকে ধন্যবাদ, আমরা আমাদের সরকারি অংশীদারদের সাথে সাইবার নিরাপত্তার জন্য একটি সমন্বিত, রাজ্যব্যাপী পদ্ধতি নিয়ে আসছি। JSOC সম্ভাব্য ঝুঁকির বিষয়ে ইন্টেলিজেন্স সংগ্রহ, অনুপ্রবেশকারী এবং লঙ্ঘনের দিকে নজর রাখা এবং সাইবার নিরাপত্তার ঝুঁকি এবং ঘটনার প্রতিক্রিয়া জানানোর কেন্দ্র হয়ে উঠবে।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ ইনফরমেশন টেকনোলজি সার্ভিসের (New York State Office of Information Technology Services) চিফ ইনফরমেশন অফিসার অ্যাঞ্জেলো "টনি" রিডিক বলেন, "আমাদের রাজ্যের পরিকাঠামো এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর ব্যক্তিগত তথ্য সুরক্ষিত রাখার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতি তার পদে আসিন হওয়ার প্রথম দিন থেকেই একটি অগ্রাধিকার ছিল। ক্রমাগত সাইবার ঝুঁকির নতুন স্বাভাবিকতা সরকারের প্রতিটি স্তরকে বিপন্ন করে, তাই আমাদের অবশ্যই উদ্ভাবনী পদক্ষেপ নিতে হবে এবং এক সঙ্গে কাজ করতে হবে। একটি JSOC তৈরি করা আমাদের তথ্যকে আরও ভালোভাবে সুরক্ষিত করবে এবং নিশ্চিত করবে যে আমরা নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার সাথে সাইবার অপরাধের বিরুদ্ধে আরও বেশি সতর্ক থাকি।"

নিউ ইয়র্ক রাজ্যের পুলিশ সুপার কেভিন ব্রুয়েন বলেন, "নিরাপত্তা প্রদান এবং ঝুঁকির মূল্যায়ন করার ক্ষেত্রে সহযোগিতা এবং তথ্য ভাগ করে নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা এই উদ্ভাবনী অংশীদারিত্ব গঠনের জন্য গভর্নর হোকলের প্রচেষ্টার প্রশংসা করি, যা সাইবার নিরাপত্তা প্রচেষ্টাকে শক্তিশালী করতে এবং ভবিষ্যতের ঘটনাগুলির প্রতি প্রতিক্রিয়া উন্নত করতে সহায়তা করবে।"

পোর্ট অথোরিটির (Port Authority) নির্বাহী পরিচালক রিক কটন বলেন, "পোর্ট অথোরিটির পরিবহন সুবিধার নিরাপত্তা এবং সুরক্ষা হল পোর্ট অথোরিটির সর্বোচ্চ অগ্রাধিকার - সাইবার নিরাপত্তার উপর নিরলস মনোযোগ সহ। আমরা JSOC-টি তৈরি করার জন্য গভর্নর হোকল, মেয়র অ্যাডামস এবং রাজ্য জুড়ে নেতাদের সাধুবাদ জানাই যা সাইবার ঝুঁকির বিরুদ্ধে লড়াই করার জন্য সরকারী সংস্থাগুলির সনাক্তকরণ, সংস্থান এবং সর্বোত্তম অনুশীলনগুলি প্রয়োগ করার ক্ষমতা বৃদ্ধি করবে যত তারা বিকশিত হবে।"

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority) অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট এবং সিইও জাস্টিন ই. ড্রিসকল বলেন, "দেশের সর্ববৃহৎ পাবলিক স্টেট ইউটিলিটি হিসাবে, সাইবার নিরাপত্তা NYPA-এর কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। JSOC-টি তৈরি করতে তাদের সহযোগিতার জন্য আমরা আমাদের শহর এবং রাজ্যের অংশীদারদের কাছে কৃতজ্ঞ। এই কেন্দ্রটি NYPA-কে আমাদের সিস্টেমগুলিকে সুরক্ষিত রাখতে সাহায্য করবে এবং আমাদের পরিষ্কার বিদ্যুৎ উৎপাদন করা চালিয়ে যেতে এবং রাজ্যের এক-তৃতীয়াংশ ট্রান্সমিশন সিস্টেমকে কোনো দুর্ঘটনা বা বাঁধা ছাড়া বজায় রাখতে সাহায্য করবে, এবং এগুলি সব করবে যখন নিউ ইয়র্ক রাজ্যকে উদীয়মান ঝুঁকি রক্ষা করার জন্য একটি "সম্পূর্ণ রাজ্যব্যাপী" পদ্ধতি প্রদান করবে।"

MTA এর সভাপতি ও সিইও জ্যানো লিবার বলেন, "ক্রস-এজেন্সি সহযোগিতা সর্বোত্তম সাইবার প্রতিরক্ষা প্রদানের মূল চাবিকাঠি। আমরা MTA এর বহুস্তরযুক্ত সাইবার নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে তথ্য এবং দক্ষতা শেয়ার করতে আগ্রহী যখন আমরা সম্ভাব্য ঝুঁকির বিরুদ্ধে রাজ্যকে রক্ষা করার জন্য কাজ করছি।"

আলবেনির মেয়র ক্যাথি শিহান বলেন, "প্রতিদিন, আলবেনি শহর - সারা দেশ জুড়ে সংস্থাগুলির মতো - সারা বিশ্ব জুড়ে উদ্‌ভূত সাইবার আক্রমণের বিরুদ্ধে নিজেকে রক্ষা করে৷ 2019 সালে একটি সফল র‍্যানসমওয়্যার আক্রমণের শিকার হিসাবে, আলবেনি শহর ভালোভাবে জানে যে এই সাইবার নিরাপত্তার হুমকি আমাদের বাসিন্দাদের পরিষেবা প্রদান করে এবং আমাদের পরিকাঠামো রক্ষা করে এমন সিস্টেমগুলিতে কি প্রভাব ফেলতে পারে৷ সৌভাগ্যবশত, নিউ ইয়র্ক স্টেট আমাদের পাশে ছিল যখন তার প্রয়োজন সব চেয়ে বেশি ছিল, এবং এখন আমরা সক্রিয়ভাবে যৌথ নিরাপত্তা অপারেশন সেন্টারের মধ্যে অংশীদারিত্ব করবো যাতে কেবল আমাদের শহরের নয়, বরং নিউ ইয়র্ক জুড়ে অন্যান্য স্থানীয় এবং রাজ্যের সংস্থাগুলির ঝুঁকিগুলি সনাক্ত করতে এবং তার প্রতি প্রতিক্রিয়া জানাতে। গভর্নর হোচুল, কমিশনার ব্রে এবং প্রধান তথ্য অফিসার রিডিককে ধন্যবাদ এই বিনিয়োগ করার জন্য এবং গুরুত্বপূর্ণ অংশীদারিত্বকে আরও গভীর করার জন্য যা আমাদের সমগ্র রাজ্যকে রক্ষা করতে সাহায্য করবে।"

বাফেলোর মেয়র বায়রন ব্রাউন বলেন, "সাইবার আক্রমণগুলি একটি উদীয়মান ঝুঁকি যার বিরুদ্ধে সুরক্ষার জন্য রাজ্য এবং স্থানীয় সরকারগুলিকে অবশ্যই দ্রুত পদক্ষেপ নিতে হবে এবং আমি কৃতজ্ঞ আমাদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য রাজ্যব্যাপী, সর্বাত্মক পদ্ধতির প্রয়োগ করার দুরদৃষ্টি গভর্নর হোকলের আছে৷ আমি আনন্দিত যে বাফেলো এই ধরনের প্রথম জয়েন্ট সিকিউরিটি অপারেশন সেন্টার চালু করার একটি অংশ যা আমাদের সাইবার আক্রমণ প্রতিরোধ করতে, সুরক্ষিত থাকতে, প্রতিক্রিয়া জানাতে এবং পুনরুদ্ধার লাভ করতে আরো ভালোভাবে প্রস্তুত থাকতে সাহায্য করবে।"

রচেস্টারের মেয়র মালিক ইভান্স বলেন, "আমরা সাইবার নিরাপত্তার গুরুত্বপূর্ণ সমস্যা সমাধানের জন্য রাজ্য এবং আমাদের অন্যান্য পৌর অংশীদারদের সাথে কাজ করার জন্য উন্মুখ। আমরা আমাদের ডেটা সুরক্ষিত করার জন্য গভর্নরের বিনিয়োগকে সাধুবাদ জানাই। আমাদের প্রযুক্তিগত পরিকাঠামোর ব্যবস্থার উপর কোন আক্রমণ আসলে আমরা যে নাগরিকদের পরিষেবা দিই তাদের ওপর আক্রমণ, তাই আমাদের প্রতিরক্ষাকে শক্তিশালী করা একটি সম্পূর্ণভাবে সার্থক প্রচেষ্টা।"

সাইরাকিউজের মেয়র বেন ওয়ালশ বলেন, "সাইবার নিরাপত্তা প্রতিটি সরকারী এবং বেসরকারী সেক্টরের সংস্থার সামনে প্রতিদিন একটি চ্যালেঞ্জ। শহরগুলি অনেকটা একই রকমের দুর্বলতা, হুমকি এবং ঝুঁকির মোকাবেলা করছে। JSOC-এর মাধ্যমে আমরা ইন্টেলিজেন্স এবং সমাধান আরও ভালোভাব শেয়ার করতে এবং আমাদের গুরুত্বপূর্ণ সম্পদ এবং আমরা যে মানুষদের পরিষেবা প্রদান করি তাদের আরও ভালোভাবে রক্ষা করতে সক্ষম হব। আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই আমাদের সম্প্রদায়গুলিকে কেবল সম্পদ প্রদান করার জন্য নয় বরং একটি কমান্ড সেন্টার তৈরি করার জন্য যাতে রাজ্য এই সর্বদা পরিবর্তনশীল ঝুঁকির মোকাবিলা

করতে আরও ডেটা, তথ্য এবং দক্ষতা শেয়ার করতে পারে। আমরা সব সময় এক সাথে কাজ করে শক্তিশালী থাকি।"

ইয়ঙ্কার্সের মেয়র মাইক স্পানো বলেন, "সাইবার নিরাপত্তার আক্রমণের সাম্প্রতিক ঢেউ আমাদের দেশ জুড়ে শহরগুলির জন্য একটি জাগরণের আহ্বান হিসাবে কাজ করে৷ আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই সেই মেয়রদের, যারা ফ্রন্টলাইনে জেনারেলের মত কাজ করেন, আমাদের সাইবার নিরাপত্তাকে বর্ধিত করার সাথে দেশের সব চেয়ে উজ্জ্বল সাইবার প্রতিরক্ষার মনগুলির সাথে সরাসরি কাজ করার উদ্দেশ্যে একত্রিত করার জন্য তার সক্রিয় সহায়তা প্রদান করার জন্য।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন